

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জেলা পরিসংখ্যান কার্যালয়, বগুড়া।
(www.bbs.bogra.gov.bd)

নং- ৫২.০১.১০০০.০০০.৫০.০১৬.০৫-০৪৮

তারিখ : ০৯ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
২৩ জানুয়ারী, ২০২০ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও International Labor Organization (ILO) এর যৌথ উদ্যোগে “Strengthening Data Collection on Migration” কার্যক্রমের আওতায় “Recruitment Cost of Migrant Worker Survey 2020” পরিচালনা করার লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র বগুড়া জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

তথ্য সংগ্রহকারীর যোগ্যতা:

- কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নূন্যতম স্নাতক পাশ হতে হবে।
- স্মার্ট ফোন/ Tablet পরিচালনায় দক্ষতা থাকতে হবে।
- বগুড়া জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- বয়সসীমা ২০-৪০ বছরের মধ্যে হতে হবে। তবে অভিজ্ঞতার ক্ষেত্রে শিক্ষাগতযোগ্যতা শিথিলযোগ্য।
- ইতোপূর্বে শ্রমশক্তি জরিপ কার্যক্রমে মাঠ পর্যায়ে তথ্যসংগ্রহকারী হিসেবে কাজ করেছে এমন অভিজ্ঞ তথ্য সংগ্রহকারীদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী:

- তথ্য সংগ্রহকারী হিসেবে কাজ করতে ইচ্ছুক প্রার্থীদের সংশ্লিষ্ট জেলা পরিসংখ্যান অফিসে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট লিখিত আবেদন করতে হবে। আবেদন পত্রে কমপক্ষে একজন Reference প্রদানকারীর পূর্ণ ঠিকানা সহ মোবাইল নম্বর সংযুক্ত করতে হবে।
- সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।
- জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।
- সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজ (সত্যায়িত) ও ০১ (এক) কপি স্টাম্প সাইজের ছবি।
- জাতীয়/নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।
- সংশ্লিষ্ট জেলার নমুনাকৃত উপজেলা/থানার অন্তর্গত বিভিন্ন গ্রাম/মহল্লায় সরবরাহকৃত তালিকার ঠিকানা অনুযায়ী ৪৫ (পঁয়তাল্লিশ) দিনে মোট ১০০ (একশত) টি household এর return migrant ব্যক্তির সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হবে।
- উক্ত কাজটি BBS কর্তৃক সরবরাহকৃত Tablet এর মাধ্যমে করতে হবে। মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কাজ শেষে Tablet টি জেলা কর্মকর্তা বরাবর ফেরত দিতে হবে।
- ২৯/০১/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র সরাসরি/ডাকযোগে নিম্নোক্ত ঠিকানায় পৌছাতে হবে।
এক্ষেত্রে কোনরকম তদবির অথবা যে কোন ধরনের সুপারিশ অগ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে।
- সদর দপ্তর ঢাকায় ০৪ (চার) দিনের প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।
- সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে জরিপ চলাকালীন সময়ের জন্য তথ্য সংগ্রহকারীদের কাজে নিয়োজিত করা হবে। জরিপ শেষে তাদের নিযুক্তি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। তবে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ তাদেরকে যে কোন সময় কাজ হতে অব্যাহতি দেয়ার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করে।

২৩.০১.২০২০

(কাজল রেখা)

উপপরিচালক(ভাঃ)

জেলা পরিসংখ্যান কার্যালয়, বগুড়া।

ফোন : ০৫১-৬৬৯৩৬

E-mail : dsobogra1@gmail.com

আবেদন ফরম

বরাবর

উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, বগুড়া।

১. প্রার্থীর নাম : (বাংলায়) :
(ইংরেজিতে বড় অক্ষরে):.....
২. পিতার নাম : (বাংলায়) :.....
৩. মাতার নাম : (বাংলায়) :.....
৪. বর্তমান ঠিকানা (ইংরেজিতে বড় অক্ষরে): HOLDING NO :..... VILLAGE:.....
UNION/ POUROSHOVA:.....
WARD NO:..... POST:.....
UPAZILA: ZILA: BOGURA
৫. জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন নম্বর (ইংরেজিতে) :.....
৬. জন্ম তারিখ (ইংরেজিতে):.....
৭. শুমারি/জরিপ কাজে পূর্বে অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে):.....
৯. মোবাইল নম্বর (ইংরেজিতে) :.....

১০. নিজস্ব স্মার্ট ফোন আছে কিনা? : হ্যাঁ / না (টিক চিহ্ন দিন)

১১. শিক্ষাগত যোগ্যতা

পরীক্ষার নাম	বিভাগ/বিষয়	প্রাপ্ত জিপিএ/শ্রেণি	পাশের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়

১২. Reference প্রদানকারীর পূর্ণ ঠিকানা:

নাম:

পদবী:

মোবাইল :

ঠিকানা:

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।
আমি আরও অঙ্গীকার করছি যে, আবেদনকৃত পদে নির্বাচিত হলে আমার উপর অর্পিত দায়িত্ব নির্দেশনা মোতাবেক নিষ্ঠা ও সততার সাথে পালন করব।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর